মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ এ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয়। একই সাথে এ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করা হয়।

**মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণ ও পরিবীক্ষণের আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ নিচের ছকে উপস্থাপন করা হলো:**

| পরিবেক্ষণকৃত বিষয় | পরিবেক্ষণে আলোকে গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|
| ▪ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা, সেবা প্রদান পদ্ধতি, প্রয়োজনীয় কাগজ-পত্র ও প্রাপ্তিস্থান, সেবা মূল্য ও পরিশোধ পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায়, বিগত তিনমাসে বদলী ও নতুন কর্মকর্তা যোগদানের কারণে সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য হালনাগাদ করা প্রয়োজন। তাছাড়া ২৭/০৯/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় লাম্পগ্র্যান্ট মঞ্জুর, পিআরএল মঞ্জুর ও অবসর আদেশ মঞ্জুর আলাদা আলাদা সেবা হিসেবে দেখানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ▪ কর্মশালায় প্রদত্ত নির্দেশনা মোতাবেক বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিতে লাম্পগ্র্যান্ট মঞ্জুর, পিআরএল মঞ্জুর ও পেনশন মঞ্জুর বিষয়ে আলাদা সেবা অন্তর্ভুক্তকরণ এবং সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য ২৯/০৯/২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম পরিবীক্ষণ করা হয়। মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি ও কর্মপরিকল্পনা এবং দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণের জন্য ২ (দুই) সদস্য বিশিষ্ট পরিবীক্ষণ কমিটি রয়েছে।<br>▪ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিক সভা আয়োজন কার্যক্রমের অংশ হিসেবে ২৯/০৯/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ভার্চুয়ালী সভা আয়োজনের নিমিত্ত নোটিশ জারি করা হয়েছে। | ▪ বিদ্যমান পরিবীক্ষণ কমিটি অপরিবর্তিত রাখা এবং বিষয়টি পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>▪ সভা আয়োজনের প্রমাণক হিসেবে নোটিশ, হাজিরা বা জুম এ অংশগ্রহণের স্ন্যাপশট, প্রযোজ্য ক্ষেত্রে কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাবক্সে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়টি আলোচনা হয়। | ▪ কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার এর লক্ষ্যমাত্রা ২টি হওয়ায় প্রাথমিকভাবে ২য় ত্রৈমাসিকে ও ৪র্থ ত্রৈমাসিকে ১টি করে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | ▪ স্টেকহোল্ডারগণের অবহিতকরণ সভার লক্ষ্যমাত্রা ২টি হওয়ায় প্রাথমিকভাবে ২য় ত্রৈমাসিকে ও ৪র্থ ত্রৈমাসিকে ১টি করে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ প্রানিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণকৃত বিষয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিচের ছকে উপস্থাপন করা হলো:

| পরিবেক্ষণকৃত বিষয় | পরিবেক্ষণে আলোকে গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|
| ▪ নাগরিক সেবার ১নং ক্রমিকের সেবাটি প্রকৃতপক্ষে রুটিন কাজ। তাছাড়া এ সেবা প্রাপ্তির জন্য কোন আবেদন করা হয়না বিধায় সেবা প্রদান প্রতিশ্রুতি থেকে বাদ দেয়া যায়। | ▪ নাগরিক সেবার ১নং ক্রমিকের সেবাটি সেবা প্রদান প্রতিশ্রুতি থেকে বাদ দেয়ার অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ প্রানিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর সেবা প্রদান প্রতিশ্রুতি আগামী ২০ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করত: মন্ত্রণালয়কে অবহিতকরণ এবং ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করার অনুরোধ করা হলো। |
| ▪ নাগরিক সেবার ৪নং ও ৫নং ক্রমিকের সেবামূল্য কলামে ভ্যাট জমাদানের পদ্ধতি ও কোড উল্লেখ করা হয়নি। | ▪ নাগরিক সেবার ৪নং ও ৫নং ক্রমিকের সেবামূল্য কলামে ভ্যাট জমাদানের পদ্ধতি ও কোড উল্লেখ করে হালনাগাদ করার অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ নাগরিক সেবার ৭নং এবং অভ্যন্তরীণ সেবার ৩-৫নং ক্রমিকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনাব মো: আজহারুল আমিন এর তথ্য রয়েছে যিনি বর্তমানে বিএলআরআই-তে কর্মরত নন। | ▪ নাগরিক সেবার ৭নং এবং অভ্যন্তরীণ সেবার ৩-৫নং ক্রমিকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য হালনাগাদ করার অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ প্রাতিষ্ঠানিক সেবা অংশে যে দুটি সেবার উল্লেখ করা হয়েছে তা প্রকৃতপক্ষে সেবা নয় এবং সাধারণত: এ সেবার জন্য কেউ আবেদন করে না। তাছাড়া অভ্যন্তরীণ সেবা অংশে ‘কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলাজনিত অভিযোগ উপস্থাপন ও নিষ্পত্তি’ প্রকৃতপক্ষে সেবা নয় | ▪ বিদ্যমান সেবা দুটি বাদ দিয়ে প্রকৃত প্রাতিষ্ঠানিক সেবা (অধীন কেন্দ্র ও উপকেন্দ্রসমূহের কর্মকর্তাদের ছুটি, লাম্পগ্র্যান্ট, পিআরএল, পাসপোর্টের এনওসি, সিপিএফ মঞ্জুর, শ্রান্তি বিনোদন, কেন্দ্রের বাজেট বরাদ্দ ইত্যাদি) অন্তর্ভুক্তির এবং অভ্যন্তরীণ অংশের ৩নং ক্রমিকের সেবাটি বাদ দেয়ার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ সেবা প্রদান পদ্ধতির কলামে ‘আবেদন গ্রহণের মাধ্যমে’, ‘ই-নথি ব্যবহার করে আবেদনের মাধ্যমে’ ব্যবহার করা হয়েছে যা সেবা প্রদান পদ্ধতিকে স্পষ্টভাবে বোঝা যায় না। | ▪ সেবা প্রদান পদ্ধতির কলামে ‘কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরাসরি/ই-নথি/ই-মেইলে পত্র জারী/আদেশ জারী/ অনুমোদন করা হবে’ বিষয়গুলো অন্তর্ভুক্ত করার অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ▪ সেবা প্রদান প্রতিশ্রুতির ২.৪ অংশে আঞ্চলিক কেন্দ্র ও উপকেন্দ্রসমূহের লিংক এর পরিবর্তে প্রদত্ত সেবা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার তথ্য হালনাগাদ করা হয়নি। | ▪ সেবা প্রদান প্রতিশ্রুতির ২.৪ অংশে আঞ্চলিক কেন্দ্র ও উপকেন্দ্রসমূহের লিংক এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার তথ্য হালনাগাদ করার অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | |

(মো: আবদুর রহমান)
উপসচিব
ও
সদস্য
সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়

(শ্যামল চন্দ্র কর্মকার)
অতিরিক্ত সচিব
ও
আহবায়ক
সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়